**বিদ্যুৎ সাশ্রয়ের অঙ্গীকার,**
**আলোকিত হোক সকল পরিবার।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

# নিয়োগ বিজ্ঞপ্তি

www.prebd.com

স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫১.০০১২.২৬.৭৮৭ তারিখঃ ২৬/০৪/২০২৬ খ্রি.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নিবন্ধিত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে **'শিক্ষানবিশ লাইনম্যান'** পদে লোকবল নিয়োগের নিমিত্ত উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদের পাশে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | বেতন স্কেল (পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | শিক্ষানবিশ লাইনম্যান | ১০৩৫ (এক হাজার পঁয়ত্রিশ) টি। নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম-বেশি হতে পারে। | ১৯/০৫/২০২৬ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ২১ বছর হতে হবে।<br><br>পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন মিটার রিডার কাম ম্যাসেঞ্জারদের শিক্ষানবিশ লাইনম্যান হিসেবে নিয়োগের ক্ষেত্রে বয়স ১৮ থেকে সর্বোচ্চ ২১ বছর হতে হবে। | ক) এসএসসি বা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। | ক) অবশ্যই সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। কঠোর পরিশ্রমসহ বৈদ্যুতিক খুঁটি ও স্থাপনায় উঠা-নামায় সক্ষমতা থাকতে হবে।<br>খ) অবশ্যই দৈহিক পরিশ্রম করার সদিচ্ছা ও স্বাভাবিক প্রবণতা থাকতে হবে।<br>গ) কাজের মাধ্যমে শিক্ষণ এর আগ্রহ ও সক্ষমতা থাকতে হবে।<br>ঘ) অবশ্যই শারীরিক উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, ওজন ন্যূনতম ১১০ পাউন্ড এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ন্যূনতম ৩০ ইঞ্চি এবং স্ফীত অবস্থায় ন্যূনতম ৩২ ইঞ্চি হতে হবে।<br>ঙ) ৭ মিনিটে ১ মাইল মিনি-ম্যারাথন দৌড় দিতে এবং প্যারালাল বার এ বিরতিহীনভাবে পর পর ন্যূনতম ৫ (পাঁচ) বার বুক পর্যন্ত উঠা-নামায় সক্ষম হতে হবে।<br>চ) বিদ্যালয়ে শরীর চর্চা বিষয়ক ক্রীড়া কর্মে পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | অন-প্রবেশন কালীন নির্ধারিত বেতন ১৫,৫০০/- (পনেরো হাজার পাঁচশত) টাকা তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৬,৬০০/- (ষোল হাজার ছয়শত) টাকা স্কেলে বেতন নির্ধারিত হবে। |

**শর্তাবলিঃ-**

০১। *নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েব সাইট (www.reb.gov.bd) অথবা সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট হতে (সমিতির ওয়েব সাইট এর ঠিকানা সংশ্লিষ্ট সমিতি হতে* সংগ্রহ করা যেতে পারে) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম-এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ শারীরিক পরীক্ষা/লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে ''প্রযোজ্য নয়'' উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) এর ফটোকপি, নাগরিকত্ব সনদ এর ফটোকপি ও সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং **২০০.০০ (দুইশত) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, (ক্রমিক নং-১৩ এ উল্লিখিত নিজ জেলার সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি) -এর অনুকূলে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট** ব্যতীত আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। কেবলমাত্র শারীরিক যোগ্যতায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে লিখিত (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। লিখিত (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত (রচনামূলক) পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত (রচনামূলক) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে শূন্য পদের বিপরীতে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে। প্রশিক্ষণে উত্তীর্ণ প্রার্থীদেরই কেবলমাত্র বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান করা হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। *কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।*

০৯। নিয়োগপ্রাপ্ত শিক্ষানবিশ লাইনম্যান নিজ জেলা ও নিজ সমিতির ভৌগোলিক এলাকা ব্যতীত যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদায়ন করা হবে।

১০। শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে শিক্ষাগত যোগ্যতার মূল কপি প্রদর্শন করতে হবে।

১১। সন্তোষজনক কর্মসম্পাদন ও আচরণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং মোটর সাইকেল চালানোর লাইসেন্স থাকা সাপেক্ষে নিয়মিতকরণ করা হবে।

১২। **শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীদের উপস্থিতির সময়, তারিখ ও আবেদনপত্রসহ উপস্থিতির স্থানঃ**

| ক্রঃ নং | উপস্থিতির সময় ও তারিখ | স্থান |
|---|---|---|
| ০১। | ১৯/০৫/২০২৬ খ্রিঃ, সকাল ৯:০০ ঘটিকা। | ক্রমিক নং-১৩ এ বর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতিতে আবেদনপত্র ও চাহিত কাগজপত্রসহ উপস্থিত হবেন। |

১৩। নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ও চাহিত কাগজপত্রাদিসহ সকাল ৯:০০ ঘটিকায় উপস্থিত হবেনঃ

| ক্রঃ নং | প্রার্থীর নিজ জেলা | প্রার্থী যে সমিতিতে আবেদনপত্রসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা |
|---|---|---|
| ১ | ঢাকা | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, নবীনগর, ঢাকা। |
| ২ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মূলজান, মানিকগঞ্জ। |
| ৩ | টাংগাইল | টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাংগাইল। |
| ৪ | জামালপুর | জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর। |
| ৫ | শেরপুর | শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর। |
| ৬ | ময়মনসিংহ | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| ৭ | নেত্রকোনা | নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোনা। |
| ৮ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ। |
| ৯ | গাজীপুর | গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর। |
| ১০ | নরসিংদী | নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী। |
| ১১ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ। |
| ১২ | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ। |
| ১৩ | রাজবাড়ী | রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী। |
| ১৪ | ফরিদপুর | ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর। |
| ১৫ | গোপালগঞ্জ | গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ। |
| ১৬ | মাদারীপুর | মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর। |
| ১৭ | শরীয়তপুর | শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি, নড়বালাখানা, শরীয়তপুর। |
| ১৮ | বরিশাল | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর (ক্যাডেট কলেজ), বরিশাল। |
| ১৯ | ভোলা | ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলা বাজার, ভোলা। |
| ২০ | পটুয়াখালী | পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী। |
| ২১ | বরগুনা | পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী। |
| ২২ | পিরোজপুর | পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর। |
| ২৩ | ঝালকাঠি | ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি, প্রতাপ, নলছিটি, ঝালকাঠি। |
| ২৪ | কুষ্টিয়া | কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া। |
| ২৫ | মেহেরপুর | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। |
| ২৬ | চুয়াডাঙ্গা | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। |
| ২৭ | ঝিনাইদহ | ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ। |
| ২৮ | মাগুরা | মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী, মাগুরা। |
| ২৯ | নড়াইল | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর। |
| ৩০ | যশোর | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর। |
| ৩১ | সাতক্ষীরা | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা। |
| ৩২ | খুলনা | খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা। |

| ক্রঃ নং | প্রার্থীর নিজ জেলা | প্রার্থী যে সমিতিতে আবেদনপত্রসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা |
|---|---|---|
| ৩৩ | বাগেরহাট | বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, মগরাহাট, বাগেরহাট। |
| ৩৪ | পঞ্চগড় | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ৩৫ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ৩৬ | দিনাজপুর | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ৩৭ | নীলফামারী | নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী। |
| ৩৮ | লালমনিরহাট | কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ৩৯ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ৪০ | রংপুর | রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর। |
| ৪১ | গাইবান্ধা | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা। |
| ৪২ | জয়পুরহাট | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট। |
| ৪৩ | নওগাঁ | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ। |
| ৪৪ | বগুড়া | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, ছিলিমপুর, বগুড়া। |
| ৪৫ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ। |
| ৪৬ | পাবনা | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা। |
| ৪৭ | নাটোর | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর। |
| ৪৮ | রাজশাহী | রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী। |
| ৪৯ | চাঁপাই নবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ। |
| ৫০ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ। |
| ৫১ | সিলেট | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট। |
| ৫২ | মৌলভীবাজার | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| ৫৩ | হবিগঞ্জ | হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। |
| ৫৪ | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিন সুহিলপুর, ব্রাহ্মণবাড়ীয়া। |
| ৫৫ | কুমিল্লা | কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিলা। |
| ৫৬ | চাঁদপুর | চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর। |
| ৫৭ | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর । |
| ৫৮ | নোয়াখালী | নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী। |
| ৫৯ | ফেনী | ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী। |
| ৬০ | চট্টগ্রাম | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম। |
| ৬১ | খাগড়াছড়ি | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম। |
| ৬২ | রাঙ্গামাটি | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম। |
| ৬৩ | বান্দরবান | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম। |
| ৬৪ | কক্সবাজার | কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার। |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
www.reb.gov.bd

২৬-৪-২৬
পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বাপবিবো/জন ( ) ২০২৫-২০২৬

ফরম নং-১
শিক্ষানবিশ লাইনম্যান পদে চাকুরীর আবেদন ফরম
(প্রার্থীর স্বহস্তে বাংলায় পূরণ করতে হবে)

নিয়োগ বিজ্ঞপ্তি নং-........

তারিখ: ...........

পাসপোর্ট সাইজের চার কপি সত্যায়িত ছবি এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

**সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার**
**------------------পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪**

১. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম :

২. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখঃ :

৩. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) :

(ইংরেজিতে) :

০৪. মাতার নাম :

০৫. পিতার নাম :

০৬. জন্ম তারিখ
(এস,এস,সি/সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী) :

০৭. বয়স (১৯/০৫/২০২৬ খ্রিঃ তারিখে) :

০৮. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার কি-না (টিক দিন) : ☐ হ্যাঁ ☐ না

০৯. কোটার প্রার্থী কি-না
( কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করুন) :

১০. ধর্ম :

১১. জাতীয়তা ও জাতীয় পরিচয় পত্র নং :

১২. নিজ জেলা :

১৩. বৈবাহিক অবস্থা (টিক দিন) : ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৪. স্থায়ী ঠিকানা :

১৫. বর্তমান ঠিকানা :

১৬. মোবাইল ফোন নম্বর :

১৭. পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর বিবরণ:

| পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর নম্বর | ক্রয়ের তারিখ | মুল্য |
|---|---|---|
| | | |

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী পুরণ করতে হবে):

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১৯. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগ কর্তৃপক্ষ | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুই জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| (১) নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বর | (২) নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বর |
|---|---|
| | |

আমি এই মর্মে শপথ করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং উহা সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পুরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। শারীরিক পরীক্ষার সময় আমার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা সনদ ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) মুল কপি অবশ্যই প্রদর্শন করবো।

...................................
তারিখ

........................................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

## --------------------পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪

## পদের নাম: শিক্ষানবিশ লাইনম্যান

### প্রবেশ পত্র

**প্রার্থীর রোল নম্বর** ............................................. (অফিস কর্তৃক পুরণীয়)

(অফিস কর্তৃক পুরণীয়)

পরীক্ষার তারিখ ..................................................................

সময় ..................................................................

কেন্দ্রের নাম ..................................................................

ঠিকানা ..................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তাঁর মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ও সীল ..................................

(প্রার্থী কর্তৃক পুরণীয়)

প্রার্থীর নাম ..................................................................................

যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..................................................................

..................................................................................................

..................................................................................................

..................................................................................................

## পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, ক্যালকুলেটর, যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষা কক্ষে ধুমপান নিষিদ্ধ। যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।

৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করতঃ তা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

৯। পরীক্ষায় কৃতকার্য হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পড়লে কিংবা যে কোন ধরনের অসংগতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। পরীক্ষা সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।